

“দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভালো হয়।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.১৬.৪২(২)

তারিখঃ ১৫/০১/২০১৯ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ১৫০০ মেঃটন গমের চলাচল সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি আধুনিক ময়দা মিল পরিচালন নীতিমালা-২০১৫ অনুযায়ী ঢাকা মহানগর ও তেজগাঁও সার্কেলের চাহিদায় ও.এম. এস খাতে আটা প্রস্তুত করার লক্ষ্যে গম প্রেরণ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে নারায়ণগঞ্জ সাইলো হতে সড়ক পথে ওএমএস খাতে আটা বিক্রয়ের জন্য ১৫০০ মেঃটন গমের চলাচল সূচি জারি করা হলো।

ক্রঃনং	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ মেঃটন	পণ্য	মাধ্যম	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ সাইলো	পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তুগোলা, ঢাকা।	১৫০০	গম	সড়ক	আখানি ঢাকা পরিবহন করাবেন।
		মোট =	১৫০০			

পরিবহনের ক্ষেত্রে পালনীয় নির্দেশাবলী :

- ১। সাইলো অধীক্ষক নারায়ণগঞ্জ প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করবেন;
- ২। আখানি/চসনি জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই এবং খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;
- ৬। ডি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত পূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির মেয়াদ আগামী ২৪/০১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে জরুরি বিবেচনায় পরবর্তীতে আত্মহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যেতে পারে;

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো।

২৪/১
(মোঃ সেলিমুল আজম)
উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.১৬.৪২/২(৫)

তারিখঃ ১৫/০১/২০১৯ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতির জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দামিল, পোস্তুগোলা, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।

উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ